৭/৮/২০০৩

তারিখ ...... পৃঃ ...... কলাম ......

দৈনিক ইত্তেফাক

# ঢাকা ভার্সিটির অচলাবস্থা অবসানের সম্ভাবনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরাজমান অচলাবস্থার অবসান হইতে চলিয়াছে। ছাত্রদলের বিতাড়িত নেতা-কর্মীরা আজ বৃহস্পতিবার আবাসিক হলগুলিতে উঠিবে। আগামী শনিবার ক্যাম্পাসের সকল ছাত্র সংগঠনকে নিয়া পরিবেশ পরিষদের সভা আহবান করা হইয়াছে। উক্ত সভাতে ছাত্র সংগঠনের দাবী-দাওয়া নিয়া আলোচনা হইবে এবং ধর্মঘট সম্পূর্ণ প্রত্যাহারের ব্যাপারেও সিদ্ধান্ত হইবে। তবে শনিবার হইতে ছাত্রদল শর্তসাপেক্ষে ধর্মঘট শিথিলের ঘোষণা দিয়াছে। এই সময় লাইব্রেরী খোলা থাকিবে এবং প্রশাসনিক কার্যক্রম চলিবে। আগামী ১৫ই আগস্ট পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত এবং ১৬ই আগস্টের পর পুনরায় সকল পরীক্ষা শুরু হইবে। মঙ্গলবার অথবা বুধবার হইতে বিভিন্ন বিভাগের ক্লাস শুরু হইবে।

গতকাল বুধবার সিন্ডিকেটে গঠিত ৮ সদস্যবিশিষ্ট কমিটির সঙ্গে ছাত্রদল এবং ছাত্রলীগ পৃথক পৃথকভাবে আলোচনার পর অচলাবস্থা নিরসনের এই সম্ভাবনা (১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির

(শেষ পৃঃ পর)

দেখা দেয়। আলোচনা শেষে ছাত্রদল নেতৃবৃন্দ জানান, কর্তৃপক্ষ আমাদের দাবী মানিয়া নেওয়ার আশ্বাস দিয়াছে এবং আজ হইতে আমাদের নেতা-কর্মীরা সকল হলে উঠিবে। ছাত্রদলের সাথে কর্তৃপক্ষের আলোচনার পর সিদ্ধান্ত হয়, শনিবার হইতে লাইব্রেরী খোলা থাকিবে, পরীক্ষা শুরু হইবে এবং পরিবহন চলিবে। ছাত্রদলের সকল বৈধ ছাত্রদের হলে উঠানোর পর তাহারা সম্পূর্ণরূপে ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা করিবে বলিয়া জানায়। সিন্ডিকেট কমিটির সঙ্গে আলোচনার সময় ছাত্রদল সভাপতি নাসিরউদ্দিন পিন্টু, সাধারণ সম্পাদক শাহাবুদ্দীন লাল্টু, মঞ্জুর এলাহী, মোশাররফ হোসেন, মনির হোসেন মামুন এবং আসাদুজ্জামান উপস্থিত ছিলেন। ছাত্রদল গতকাল রাত্রে নারায়ণগঞ্জে বোমা হামলার ঘটনার পর বিতাড়িত নেতা-কর্মীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট জমা দিয়াছে।

ছাত্রলীগ সিন্ডিকেট কমিটির সঙ্গে আলোচনার সময় ৮ দফা দাবী পেশ করে। ৮ দফা দাবীর মধ্যে রহিয়াছে অবিলম্বে বৈধ পরিচয়পত্রধারী ছাত্রদের স্ব স্ব হলে অবস্থানের নিশ্চয়তা ও নিরাপত্তা প্রদান, অছাত্র, বহিরাগত, অস্ত্রধারী ও খুনের মামলার আসামীদের ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ, সিন্ডিকেটের সিদ্ধান্ত বাস্তবায়ন, ছাত্রদের হয়রানি না করা এবং অবিলম্বে ক্লাস ও পরীক্ষা শুরু হওয়ার ঘোষণা। আলোচনার সময় ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী, সাধারণ সম্পাদক অজয় কর খোকন, লিয়াকত সিকদার, আশরাফুল আজিম রুবন, বেগ শাহীন জাহান, একেএম আজিম প্রমুখ উপস্থিত ছিলেন।

### সিন্ডিকেট সিদ্ধান্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে সিন্ডিকেট সভার সিদ্ধান্ত হয় ঃ আজ নারায়ণগঞ্জ বোমা হামলার ঘটনার পর বিতাড়িত ছাত্রদল নেতা-কর্মীদের আবাসিক হলে তুলিয়া দেওয়া হইবে। ছাত্রলীগ নেতা পার্থ প্রতিম আচার্য নিহত হওয়ার ঘটনায় হল দখল পাল্টা দখলের সময় ছাত্রদলের বিতাড়িত নেতা-কর্মীদের যাহাদের ছাত্রত্ব আছে তাহাদেরকে হলে উঠান হইবে। সিন্ডিকেটে শুক্রবার পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরে সাংবাদিকদের সহিত আলাপকালে ভিসি এক প্রশ্নের উত্তরে তাঁহার অনুভূতি ব্যক্ত করিয়া বলেন, আমি খুব অভিভূত হই নাই। কারণ ১০ হাজার ছাত্র-ছাত্রীর জীবন হইতে ৬টা মাস চলিয়া গিয়াছে। তবে কিছুটা আশ্বস্ত হইয়াছি।